**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে** 10/4/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# গভর্নর হোচুল ব্রুকলিনে 425 মিলিয়ন মার্কিন ডলারের মিশ্র-ব্যবহারের রূপান্তরকারী উন্নয়নের কাজ সম্পূর্ণ হওয়ার কথা ঘোষণা করেন

***ফাউন্টেনস কমপ্লেক্সটিতে (Fountains Complex) ছয়টি আবাসিক ভবন জুড়ে 1,163 সাশ্রয়ী মূল্যের, সহায়ক এবং শক্তি-দক্ষ অ্যাপার্টমেন্ট রয়েছে***

গভর্নর ক্যাথি হোচুল আজ দ্য ফাউন্টেনসের কাজ সমাপ্তির কথা ঘোষণা করেছেন, যা পূর্ব নিউ ইয়র্ক ইয়র্কের রাজ্যের প্রাক্তন ব্রুকলিন ডেভেলপমেন্টাল সেন্টারের (Brooklyn Developmental Center) সাইটে 425 মিলিয়ন মার্কিন ডলারের একটি বড় রূপান্তরকারী প্রকল্প। ছয় একর কমপ্লেক্সের এই পুনর্নির্মাণের মধ্যে রয়েছে বেশ কয়েকটি ভবন জুড়ে 1,163-টি সাশ্রয়ী মূল্যের গৃহ, প্রায় 22,000 বর্গফুট বাণিজ্যিক স্থান এবং একটি নতুন পাবলিক প্লাজা। 192-টি অ্যাপার্টমেন্ট বৌদ্ধিক বা বিকাশগত প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের জন্য সহায়ক গৃহ হিসেবে রাখা হয়েছে।

"দ্য ফাউন্টেন্স প্রতিটি নিউ ইয়র্কবাসীর জন্য সমান সুযোগ প্রদানের প্রতিশ্রুতির মূর্ত প্রতীক এবং এই কমপ্লেক্সটি স্বাস্থ্যকর এবং সফল জীবনযাপনের জন্য গুণমান, সামর্থ্য এবং প্রয়োজনীয় সংস্থানগুলির প্রবেশাধিকার প্রদানের প্রত্যাশা অতিক্রম করে," **গভর্নর হোচুল বলেন।** "এই মিশ্র-ব্যবহারের উন্নয়ন আবাসন, পরিষেবা এবং সুযোগ-সুবিধা প্রদান করে যা সম্প্রদায়কে নতুন করে পুনরুজ্জীবিত করবে এবং সকলের জন্য একটি উজ্জ্বলতর ভবিষ্যৎ তৈরি করবে, কিন্তু বিশেষ করে আমাদের সব চেয়ে দুর্বল বাসিন্দাদের জন্য।"

মূলত 1973 সালে বৌদ্ধিক ও উন্নয়নমূলক প্রতিবন্ধীদের জন্য আবাসিক পরিচর্যা ও চিকিৎসা কেন্দ্র হিসেবে খোলা, 35-একরের ব্রুকলিন ডেভেলপমেন্টাল সেন্টার 2015 সালে বন্ধ করে দেওয়া হয়েছিল সমন্বিত সহায়ক আবাসনের দিকে জাতীয় আবাসন নীতি পরিবর্তনের কারণে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রতিযোগিতামূলক প্রস্তাবের অনুরোধের মাধ্যমে কেনা অব্যাহতিপ্রাপ্ত রাষ্ট্রীয় সম্পত্তিটির উন্নয়ন করে আরকার কোম্পানিজ। আর্কার কোম্পানিজ সম্পত্তিটির জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছিল, যা পূর্বে নিউ ইয়র্ক রাজ্যের ডরমিটরি অথোরিটির (Dormitory Authority) মালিকানাধীন ছিল।

বেশ কয়েকটি ধাপে নির্মিত, দ্য ফাউন্টেনস কমপ্লেক্সটিতে ছয়টি আবাসিক ভবন জুড়ে 1,163-টি অ্যাপার্টমেন্ট রয়েছে। অধিকাংশ অ্যাপার্টমেন্টগুলি এলাকার মধ্যম আয়ের 60 শতাংশ বা

তার কম আয়ের পরিবারের জন্য সাশ্রয়ী, যার মধ্যে আছে 85-টি গৃহ যা AMI এর 100 শতাংশ অবধি উপার্জনকারী পরিবারের জন্য। 62 বা তার বেশি বয়স্কদের জন্য 200-টি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত আছে।

কমপ্লেক্স জুড়ে 192-টি গৃহ বৌদ্ধিক বা উন্নয়নমূলক প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত, যাদের ব্লক ইনস্টিটিউটের (Block Institute) দেওয়া সাইট সহায়ক পরিষেবার অ্যাক্সেস থাকবে। নিউ ইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসেবিলিটিজ (New York State Office for People With Developmental Disabilities) পরিষেবা এবং ভাড়ার ভর্তুকির জন্য অর্থ প্রদান করছে। উপরন্তু, অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ (Office for People With Developmental Disabilities, OPWDD) কমপ্লেক্সে অফিসের জায়গা লিজ দেবে।

কমপ্লেক্সটিতে শ্রোডার্স ওয়াকও অন্তর্ভুক্ত রয়েছে, যা একটি নতুন এক একরের পাবলিক প্লাজা যা পথচারীদের জন্য শ্রোডার অ্যাভিনিউ প্রসারিত করে। দ্য ফাউন্টেন্সে 21,700 বর্গফুট নতুন এক তলার বাণিজ্যিক স্থান এবং অফ-স্ট্রিট পার্কিং আছে।

ছয়টি সমাপ্ত ভবনের মধ্যে রয়েছে:

- 65-টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট সহ 11629 সিভিউ অ্যাভিনিউতে একটি ছয়তলা ভবন। 17-টি ইউনিট বৌদ্ধিক বা বিকাশগত প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত। 10-টি অ্যাপার্টমেন্ট চলাফেরা, শ্রবণ বা দৃষ্টি সংক্রান্ত প্রতিবন্ধী বাসিন্দাদের জন্য সম্পূর্ণরূপে অ্যাক্সেসযোগ্য এবং অভিযোজনযোগ্য।
- 267-টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট সহ 911 এরস্কাইন স্ট্রিটে একটি নয়তলা ভবন। 67-টি অ্যাপার্টমেন্ট বৌদ্ধিক বা বিকাশগত প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত।
- 62 ও তার বেশি বয়সের বাসিন্দাদের জন্য 200-টি অ্যাপার্টমেন্ট এবং এক তলায় 11,100 বর্গফুট বাণিজ্যিক স্থান সহ একটি সাততলা ভবন 10 শ্রোডার ওয়াকে। 60-টি অ্যাপার্টমেন্ট গৃহহীন বয়স্কদের জন্য সংরক্ষিত।
- 702 ভ্যান্ডালিয়া অ্যাভিনিউতে একটি নয়তলা ভবন, যেখানে 65-টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট রয়েছে। 13-টি বাড়ি বৌদ্ধিক বা বিকাশগত প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত। 10-টি অ্যাপার্টমেন্ট চলাফেরা, শ্রবণ বা দৃষ্টি সংক্রান্ত প্রতিবন্ধী বাসিন্দাদের জন্য সম্পূর্ণরূপে অ্যাক্সেসযোগ্য এবং অভিযোজনযোগ্য।
- 881 এরকসাইন স্ট্রিটে একটি নয়তলা ভবন যেখানে 144-টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট রয়েছে। ঊনত্রিশটি গৃহ বৌদ্ধিক বা বিকাশগত প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত। এক তলায় রয়েছে 10,600 বর্গফুট বাণিজ্যিক স্থান।
- 894 ফাউন্টেন অ্যাভিনিউতে একটি নয়তলা ভবন যেখানে 422-টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট রয়েছে। AMI এর 100 শতাংশ পর্যন্ত উপার্জনকারী পরিবারের জন্য 85-টি অ্যাপার্টমেন্ট রয়েছে। বৌদ্ধিক বা বিকাশগত প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের জন্য ছেষট্টিটি গৃহ সংরক্ষিত।

ছয়টি ভবনের সবগুলি এন্টারপ্রাইজ গ্রিন কমিউনিটি স্ট্যান্ডার্ডগুলি পূরণ করতে নির্মিত হয়েছিল এবং এতে শক্তি দক্ষ বৈশিষ্ট্য যেমন এনার্জি স্টার লেবেলযুক্ত যন্ত্রপাতি, হিটিং এবং কুলিং সিস্টেম এবং আলোকসজ্জা অন্তর্ভুক্ত।

দ্য ফাউন্টেন্স গণ পরিবহন, শার্লি চিশম স্টেট পার্ক (Shirley Chisholm State Park), বাইকের ট্রেইল এবং সম্প্রদায়ের সংস্থান যেমন মুদির দোকান, পার্ক, স্কুল এবং অন্যান্য খুচরা প্রতিষ্ঠানের কাছাকাছি অবস্থিত।

দ্য ফাউন্টেনের জন্য রাষ্ট্রীয় অর্থায়নে নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal) 216 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি সংস্থান রয়েছে। OPWDD, নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority) এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (New York City Department of Housing Preservation and Development) দ্বারা অতিরিক্ত সহায়তা প্রদান করা হয়েছিল।

দ্য ফাউন্টেন্স রাজ্যের 1.4 বিলিয়ন মার্কিন ডলারের ভাইটাল ব্রুকলিন উদ্যোগের সম্পূরক যা স্বাস্থ্যসেবা থেকে আবাসন পর্যন্ত আটটি সমন্বিত এলাকাকে লক্ষ্য করে ও বিনিয়োগ তাতে করছে যা ব্রুকলিনের উচ্চ-প্রয়োজন সম্পন্ন সম্প্রদায়ের দীর্ঘস্থায়ী অর্থনৈতিক ও বর্ণগত বৈষম্য দূর করার জন্য একটি নতুন মানদণ্ড প্রতিষ্ঠা করছে। ভাইটাল ব্রুকলিন উদ্যোগ সেন্ট্রাল ব্রুকলিনের এলকগুলিতে 4,000-টি সাশ্রয়ী মূল্যের গৃহ তৈরি করবে। 2011 সাল থেকে, নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল ব্রুকলিনে প্রায় 2.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে যা প্রায় 12,000-টি সাশ্রয়ী মূল্যের গৃহ তৈরি বা সংরক্ষণ করেছে।

**হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথ অ্যানি ভিসনাউসকাস বলেন,** "দ্য ফাউন্টেন্স একটি সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের জন্য আমাদের কল্পদৃষ্টির পরিপূর্ণ উদাহরণ যা বৃহত্তর সুযোগ, সমতা এবং স্থায়িত্বের দিকে পরিচালিত করে। প্রায় 1,200 অ্যাপার্টমেন্ট সহ, 425 মিলিয়ন মার্কিন ডলারের এই উন্নয়নটি চিন্তাভাবনা করে সব বয়সের, যোগ্যতার এবং ক্ষমতার মানুষের জন্য একটি স্বাস্থ্যকর, বৈচিত্র্যময় এবং অ্যাক্সেসযোগ্য সম্প্রদায় তৈরি করার জন্য তৈরি করা হয়েছিল। এটি সল আরকারের কল্পদৃষ্টি এবং অধ্যবসায়ের প্রমাণ যে এই রূপান্তরকামী প্রকল্পটি সফল হয়েছিল এবং সুন্দর সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরির জন্য তার আবেগ প্রতিটি বিবরণে উপস্থিত। আমাদের শেয়ার করা ভিশনকে বাস্তবে পরিণত করার জন্য আমরা আর্কার কোম্পানিজ এবং রাজ্য ও স্থানীয় সরকারের বহু অংশীদারদের কাছে কৃতজ্ঞ।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) এর প্রধান পরিচালন কর্মকর্তা এবং একজিকিউটিভ ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন,** "এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট উন্নয়নের সুযোগ সহ সম্প্রদায়গুলিকে আবাসিক আবাসন থেকে শুরু করে উদ্যোক্তা বাণিজ্যিক উদ্যোগে পুনরুজ্জীবিত করতে অন্যান্য রাজ্য সংস্থার সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত। এই সম্প্রদায়ের বর্তমান চাহিদাগুলিকে আরও ভালোভাবে পূরণ করার জন্য এই অব্যবহৃত রাষ্ট্রীয় সুবিধাকে পুনর্নির্মাণ করা স্থানীয় উন্নয়নকে

অনুপ্রাণিত করবে, গুরুত্বপূর্ণ পরিষেবা এবং এলাকার সুবিধা প্রদান করবে এবং ব্রুকলিন পরিবারগুলিকে অর্থনৈতিক নিরাপত্তা এবং স্থিতিশীলতা অর্জন করতে সহায়তা করবে।"

**(Housing Preservation & Development, HPD) এর কমিশনার লুইস ক্যারল বলেন,** "ফাউন্টেন্স উন্নয়নের অংশ হিসাবে এক হাজারেরও বেশি সাশ্রয়ী মূল্যের গৃহ উপলব্ধ হয়েছে এমন এক সময়ে যখন প্রতিটি সাশ্রয়ী মূল্যের গৃহের মূল্য অপরিসীম। যখন আমরা আরও সাশ্রয়ী মূল্যের আবাসনের জন্য চাপ দিচ্ছি, এই জাতীয় প্রকল্পগুলি যা মূলত নিম্ন-আয়ের পরিবার এবং সহায়ক পরিচর্যার প্রয়োজন সহ মানুষদের সেবা করে, তা আগের চেয়ে আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। আমি আরকার কোম্পানিজ, নিউ ইয়র্ক এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, এবং নিউ ইয়র্ক হোমস এবং কমিউনিটি রিনিউয়াল ডেভেলপমেন্টে আমাদের অংশীদারদের এই উন্নয়নকে বাস্তবায়িত করার জন্য প্রশংসা করি।"

**সিনেটর রোক্সান জে. পারসাউড বলেন,** "এই 1,163-টি নতুন গৃহের প্রায় এক তৃতীয়াংশ 62+ প্রাপ্তবয়স্কদের জন্য (200 ইউনিট) এবং বৌদ্ধিক বা উন্নয়নমূলক প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের জন্য (192 ইউনিট) আলাদা করে রাখার সাথে, এই প্রকল্পটি স্থায়ী, নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের স্থানীয় প্রয়োজনের প্রতি খুবই প্রতিক্রিয়াশীল আবাসন, বিশেষ করে দুর্বল নিউ ইয়র্কবাসীদের জন্য। আমি সরকারি-বেসরকারি অংশীদারদের সাথে এই চমৎকার গ্রুপের সাথে একত্রিত হতে পেরে গর্বিত, এবং 19তম সেনেট জেলায় আরও সাশ্রয়ী মূল্যের ইউনিট নিয়ে আসতে আপনাদেরর সাথে কাজ করার জন্য উন্মুখ।"

**ব্রুকলিন বোরোর প্রেসিডেন্ট এরিক অ্যাডামস বলেন,** "দ্য ফাউন্টেন্স উন্নয়ন স্থিতিশীল, গভীরভাবে সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করবে যাদের তা সব চেয়ে বেশি প্রয়োজন। আমি পূর্ব নিউ ইয়র্ক এবং ব্রাউনসভিল এলাকায় বাস্তুচ্যুত হওয়ার ঝুঁকিতে থাকা ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়ার উপর জোর দেওয়া এই প্রকল্পকে বোরো প্রেসিডেন্ট হিসেবে সমর্থন করতে পেরে গর্বিত। বৌদ্ধিক ও উন্নয়ন সংক্রান্ত অললহমটা সহ বাসিন্দাদের জন্য সাইটে সহায়তা পরিষেবা প্রদান করাও অক্ষমতা সহ ব্যক্তিদের স্থিতিশীল, লালনকারী পরিবেশের প্রদানের উদ্দেশ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং আমি এই দুর্বল জনগোষ্ঠীর চাহিদা পূরণ করছি তা নিশ্চিত করার জন্য এই মডেলটি অনুসরণ করার জন্য অন্যান্য উন্নয়নগুলিকে আহ্বান জানাচ্ছি। এই প্রয়োজনীয় প্রকল্পটি বাস্তবায়নের জন্য আমি শহর ও রাজ্য স্তরে আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাই।"

**দ্য আর্কার কোম্পানিজের অধ্যক্ষ অ্যালেক্স আরকার বলেন,** "এটি আমাদের সাশ্রয়ী মূল্যের আবাসন সম্প্রদায়ের জন্য একটি অবিশ্বাস্য মুহূর্ত। আমরা আমাদের অংশীদার, ESD, HCR এবং HPD-র সাথে কাজ করতে পেরে গর্বিত দ্য ফাউন্টেন্স চালু খুলতে এবং হাজার হাজার নিউ ইয়র্কবাসীদের জন্য একটি নিরাপদ, স্থিতিশীল গৃহ সরবরাহ করতে পেরে। দ্য ফাউন্টেন্স প্রায় 1,200-টি অ্যাপার্টমেন্ট, সহায়ক পরিষেবা, একটি পাবলিক প্লাজা এবং আরও অনেক কিছু দিয়ে এই সাইটটিকে পুনরুজ্জীবিত করেছে। যখন আমরা এখনও কোভিড-19 মহামারী থেকে পুনরুদ্ধারের চেষ্টা করছি, সেই সকল নিউ ইয়র্কবাসীদের যাদের এটির সব চেয়ে বেশি প্রয়োজন তাদের সাহায্য করার জন্য আমাদের ভূমিকা পালন করা একটি সম্মানের বিষয়।"

**ব্লক ইনস্টিটিউটের প্রধান নির্বাহী কর্মকর্তা স্কট বারকিন বলেন,** "প্রায় 60 বছর ধরে ব্লক ইনস্টিটিউট ব্রুকলিন কমিউনিটির জন্য বৌদ্ধিক এবং উন্নয়ন সংক্রান্ত অক্ষমতা সহ ব্যক্তিদের সহায়তা করার জন্য প্রোগ্রাম এবং পরিষেবা বিকাশের জন্য নিবেদিত। দ্য ফাউন্টেনস সিভিউ প্রকল্প NYC-তে সাশ্রয়ী মূল্যের আবাসন প্রকল্পগুলির উন্নয়ন এবং সহায়তায় ব্লক ইনস্টিটিউটের প্রথম অংশগ্রহণের প্রতিনিধিত্ব করে। আমাদের কাজ মিশন-চালিত, অর্থপূর্ণ এবং অত্যন্ত ফলপ্রসূ। যখন আমরা এই প্রকল্পটি সমাপ্ত হতে দেখছি এবং ব্যক্তিদের স্বপ্ন বাস্তবায়নের সাক্ষী হচ্ছি, আমরা আরকারের সাথে অংশীদার হওয়ার এবং এই কাজটি চালিয়ে যাওয়ার ভবিষ্যৎ সুযোগের জন্য উদগ্রীব।"

**ডরিন এম. হ্যারিস, প্রেসিডেন্ট এবং সিইও, নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (New York State Energy Research and Development Authority, NYSERDA) বলেন,** "পূর্বে অব্যবহৃত সাইটগুলিকে সহায়ক কমিউনিটি স্পেসে পরিণত করা যা অন-সাইট পরিষেবা এবং সুযোগ-সুবিধার সাথে সাশ্রয়ী মূল্যের আবাসনকে একত্রিত করে, তা দেখায় সরকারি-বেসরকারি অংশীদারিত্বগুলি কার্বন-নিরপেক্ষ অর্থনীতিতে রাজ্যের ব্যাপক রূপান্তরের অধীনে কি প্রভাব ফেলতে পারে। দ্য ফাউন্টেন্স আমাদের সব চেয়ে ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের স্বাস্থ্যকর, নিরাপদ এবং জ্বালানি দক্ষ গৃহ প্রদান করছে এবং NYSERDA গর্বিত এই প্রকল্পে আমাদের সহায়তা প্রদান করতে পেরে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন